

গ্যাসটোজল

পেপটিক আলসার ও অম্লধিক্যে কার্যকর

বর্ণনা:

গ্যাসটোজল যষ্টিমধু, কাতিরাম গাম, রুমী মস্তগী, হাইড্রেটেড ম্যাগনেসিয়াম সিলিকেট ইত্যাদি প্রাকৃতিক ওষুধি উপাদানের সমন্বয়ে প্রস্তুত। ইহা পেপটিক আলসার এবং অম্লধিক্যে নিরাময় করে। যষ্টিমধু ক্লিনিক্যাল ও এক্সপেরিমেন্টাল পরীক্ষায় প্রমাণিত হয়েছে, যষ্টিমধুর গ্লাইসিরাইজিন ও গ্লাইসিরাটিক অ্যাসিড আলসার সৃষ্টিকারী ১৫ হাইড্রোক্সিপোস্টাগ্লাভিন ডিহাইড্রোজিনেস ও প্রোস্টাগ্লাভিন রিডাকটেজ এনজাইমের কার্যকারিতা প্রতিরোধ করে এবং পাকস্থলীতে আলসার বা ক্ষত নিরাময়ে সহায়ক এনজাইম প্রোস্টাগ্লাভিন-ই এবং এফ নিঃসরণ বৃদ্ধির মাধ্যমে পাকস্থলীর মিউকাস মেমব্রেনকে সুরক্ষা করে। যষ্টিমধু পাকস্থলীর মিউকাস মেমব্রেন হতে মিউসিন নিঃসরণ উদ্দীপ্ত করে, পাকস্থলীর এপিথেলিয়াল কোষসমূহ শক্তিশালী করে গ্যাস্ট্রিক আলসার ও পেপটিক আলসার নিরাময় করে। ইহা পাকস্থলীর ক্ষতসৃষ্টিকারী বিভিন্ন ব্যাক্টেরিয়া ও ভাইরাস এর বিরুদ্ধে কাজ করে। রুমী মস্তগী পাকস্থলীর শক্তিবর্ধক, হজমকারক, শারীরিক ও মানবিক শক্তি বৃদ্ধিকারক হিসাবে কাজ করে। হাইড্রেটেড ম্যাগনেসিয়াম সিলিকেট অ্যান্টাসিডের ফ্যাক্টর প্রতিস্থাপক হিসাবে কাজ করে। এটি একটি অ-শোষণযোগ্য অ্যান্টাসিড যার প্রধান কাজ হাইড্রোক্লোরিক অ্যাসিডকে শোষণ করে নিরপেক্ষ এবং অ্যাস্টিঞ্জেন্ট এজেন্ট হিসাবে কাজ করা। ল্যাপিস লাজুলি মানসিক বিষণ্ণতা দূর করে হাইড্রোক্লোরিক অ্যাসিড নিঃসরণ এ বাধা দেয়। গ্যাসটোজল বিরেচক ও প্রদাহনাশক হিসেবে কাজ করে।

উপাদান:

প্রতি ক্যাপসুল-এ আছে

গ্লাইসিরাইজিন গ্লাবরা

৩০৭.৬৭ মিগ্রা

কচলস্পারমাম রিলিজিওসাম

১০২.৫০ মিগ্রা

পিস্টাসিয়া লেন্টিসকাস

৫১.৫০ মিগ্রা

সিলিকেট অব অ্যালুমিনা এন্ড আয়রন অক্সাইড

১৭.০০ মিগ্রা

হাইড্রেটেড ম্যাগনেসিয়াম সিলিকেট

৮.৩৩ মিগ্রা

লেপিস লায়ুলী

৬.৫০ মিগ্রা

বেজোয়ার স্টোন

৬.৫০ মিগ্রা

এবং অন্যান্য উপাদান

সূত্রঃ সফূফ জুরহিন (বা.জা.ই.ফ), ইউনানী ঔষধ।

নির্দেশনা:

অম্লধিক্য, পাকস্থলীর ক্ষত ও গ্রহণী-অন্ত্রের ক্ষত।

সেবনবিধি:

২-৩ ক্যাপসুল দৈনিক ৩ বার আহারের পূর্বে অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী

সেব্য।

প্রতিনির্দেশ:

কোন প্রতিনির্দেশ নেই।

পার্শ্ব প্রতিক্রিয়া:

নির্ধারিত মাত্রায় সেবনে কোন উল্লেখযোগ্য পার্শ্ব প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়নি।

সতর্কতা:

শিশুদের নাগালের বাইরে রাখুন।

সংরক্ষণ:

আলো থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে রাখুন।

পরিবেশনা:

৫×১০ ও ১০×১০ এ্যালু-এ্যালু ব্লিষ্টার বক্স



নেপচুন ল্যাবরেটরীজ লিঃ
গাজীপুর-বাংলাদেশ